রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৮, ১৯৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৭শে এপ্রিল, ১৯৮৬

নং এস,আর,ও,১৩২-এল/৮৬—The State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (Ordinance No. XXXIX of 1985)-এর ৩(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থা, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল সংস্থা এবং বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থার অধীনস্থ রাষ্ট্রীয় মালিকানাধীন ম্যানুফ্যাকচারিং শিল্প প্রতিষ্ঠানসমূহে নিযুক্ত শ্রমিকদের মজুরী ও প্রান্তিক সুবিধাবলী সংক্রান্ত অত্র মন্ত্রণালয়ের ১০ই আগস্ট, ১৯৮৫ তারিখের বিজ্ঞপ্তি নং এস,আর,ও, ৩৬৩-এল/৮৫-তে নিম্নোক্ত সংশোধন করিলেনঃ—

১। উল্লেখিত বিজ্ঞপ্তির অনুচ্ছেদ নং ২(খ)(৩) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে এবং উহা ১৯৮৬ সনের ১লা ফেব্রুয়ারী হইতে প্রতিস্থাপিত হইয়াছে বলিয়া গণ্য হইবে, যেমনঃ—

"(৩) বাড়ী ভাড়া ভাতাঃ বর্তমানে প্রচলিত ৩০%-এর স্থলে ৩৫% বৃদ্ধি করা হইল। ইহা দেশের সর্বত্র প্রযোজ্য। যে সকল শ্রমিকের নামে প্রতিষ্ঠানের কোন পারিবারিক বাসস্থান বরাদ্দ করা হয় নাই, তাঁহারা এই ভাতা পাইবেন, যাঁহাদের নামে উপযুক্ত পারিবারিক বাসস্থান বরাদ্দ করা হইয়াছে তাঁহারা এই ভাতা পাইবেন না। যে সকল শ্রমিক তাঁহাদের নামে বরাদ্দকৃত প্রতিষ্ঠানের এক শয্যা বিশিষ্ট বাসস্থানে বসবাস করেন, তাঁহারা পূর্ণ হারে বাড়ী ভাড়া পাইবেন, তবে তাঁহাদিগকে মজুরী বিল হইতে মাসিক ১০ টাকা হারে ভাড়া আদায় করিতে হইবে। যে সকল শ্রমিকের নামে অনুপযুক্ত



মূল্য : ৫০ পয়সা

বাসস্থান বরাদ্দ করা হইয়াছে, তাঁহারা এই ভাতা পূর্ণ হারে পাইবেন, তবে তাঁহাদিগকে নিম্নোক্তহারে বাড়ী ভাড়া কর্তন করিতে হইবেঃ

| | মজুরী | মাসিক কর্তনের হার |
|---|---|---|
| (১) | ৬৭৯ টাকা পর্যন্ত | ৮০ টাকা |
| (২) | ৬৮০ টাকা হইতে ৮৯৯ টাকা পর্যন্ত | ৯০ টাকা |
| (৩) | ৯০০ টাকা হইতে ১২৩৯ টাকা পর্যন্ত | ১২০ টাকা |
| (৪) | ১২৪০ টাকা হইতে ১৫৫৯ টাকা পর্যন্ত | ১৮০ টাকা |
| (৫) | ১৫৬০ টাকা হইতে ২০৬০ টাকা পর্যন্ত | ২২০ টাকা"; এবং |

২। উল্লেখিত বিজ্ঞপ্তির অনুচ্ছেদ নং ৩(২) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে, যেমনঃ—

"(২) একই পদে কর্মরত শ্রমিকের প্রতি তিন বৎসরের চাকুরীর জন্য একটি করিয়া ইনক্রিমেণ্ট এবং সর্বোচ্চ পাঁচটি ইনক্রিমেণ্ট প্রদান করা যাইবে। যদি কাহারো চাকুরী বর্তমান পদে তিন বৎসর পূর্ণ হইতে এক বৎসর ছয় মাস কিংবা তাহার কম সময় ঘাটতি হয়, তবে এতদুদ্দেশ্যে তিন বৎসর বলিয়া গণ্য হইবে"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস. এ. রশীদ

উপ-সচিব (এঞ)।

খন্দকার ওবায়দুল মোক্তাদের, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।